

## ভাটিভার লাগাতে পরামর্শ বিশেষজ্ঞের

### নিজস্ব সংবাদদাতা

কৃষ্ণনগর, ১৮ জানুয়ারি, ২০১৬ :  
রানাঘাটের মঙ্গলদ্বীপ থেকে  
চাকদহ পর্যন্ত প্রায় ২০  
কিলোমিটার ভাগীরথীর নদী  
ভাঙন ঘুরে দেখলেন দেশের  
অন্যতম ভাটিভার বিশেষজ্ঞ পি  
ভিনসেন্ট। রবিবার তিনি জেলার  
প্রশাসনের একাধিক কর্তার সঙ্গে  
নদীপথে লঞ্চে করে ঘুরে দেখেন  
কোথায় কেমন ভাঙন হচ্ছে।  
সেই মতো তিনি কোথায় কী  
ভাবে ভাটিভার ঘাস লাগাতে হবে  
তা বুঝিয়ে দেন আধিকারিকদের।  
এর পরে তিনি জেলা বিভিন্ন

ব্লকের যে সব আধিকারিক এই  
প্রকল্পের সঙ্গে যুক্ত তাদের সঙ্গে  
বৈঠক করেন।

নদী ভাঙন রোধ করতে একশ  
দিনের প্রকল্পের মাধ্যমে এই  
জেলায় ভাটিভার ঘাসের চাষ ও  
রোপন করা শুরু করেছে নদিয়া  
জালা প্রশাসনা। রোপন করা হবে  
প্রায় ৭৪৪ কিলোমিটার জুড়ে  
নদীবাঁধ এলাকায়। এর ফলে যেমন  
নদিয়ার বন্যা নিয়ন্ত্রণে রাশ টানা  
যাবে তেমনই একশো দিনের  
প্রকল্পের মাধ্যমে কাজ পাবেন  
সাধারণ মানুষ। এমনটাই জেলা  
প্রশাসনের দাবি। এই প্রকল্পের

মাধ্যমে ১৫ লক্ষ শ্রমদিবস তৈরি  
হবে। সেই সঙ্গে এরকশ দিনের  
প্রকল্পের মাধ্যমে প্রায় ৩১ কোটি  
টাকা খরচ হবে জানানো হয়েছে।  
জেলার একশো দিনের কাজের  
প্রকল্পের আধিকারিক বাবুলাল  
মহাতো বলেন, “কাজটা যাতে  
ঠিক ভাবে করতে পারি তার  
জন্যই আমরা পি ভিনসেন্টকে  
নদিয়ায় আসতে অনুরোধ  
করেছিলাম। উনি সমস্ত দিক ভাল  
করে খতিয়ে দেখে কোথায় কী  
ভাবে এই ঘাসকে ব্যবহার করা  
যায় তা বুঝিয়ে দিয়ে গেলেন।”